গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd; যুউঅ.বাংলা

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০০০.০২৮.৪৮.০১৯.২২- ৫৫৮

তারিখ: ০১ শ্রাবণ ~~আষাঢ়~~ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: সমাপ্ত জোরদারকরণ প্রকল্পের ঋণ তহবিলের স্থিত অর্থ রাজস্বখাতে পরিচালিত আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচিতে স্থানান্তর।**

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৬০.০৪.০০১.১১(অংশ-২)- ২২৩ তাং: ২৩ সেপ্টেম্বর ২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ কার্যক্রম বিষয়ক নীতি নির্ধারণী (স্টিয়ারিং) কমিটির ০৫/০৯/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১২তম সভায় 'অধিক সংখ্যক প্রশিক্ষিত যুবকে ঋণ সুবিধা প্রদানের লক্ষ্যে সমাপ্ত জোরদারকরণ প্রকল্পের ব্যাংকে জমাকৃত অর্থ যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্ব খাতের ঋণ তহবিলের সাথে একীভূত করা'র সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত ঝিনাইদহ জেলাধীন নিম্নবর্ণিত উপজেলা সমূহের সমাপ্ত জোরদারকরণ প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত ব্যাংক হিসাবে স্থিত অর্থ স্ব-স্ব উপজেলার আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির মূলঋণ তহবিল হিসাবে স্থানান্তর করাসহ সমাপ্ত জোরদারকরণ প্রকল্পের ঋণ কার্যক্রমের ব্যাংক হিসাবসমূহ বন্ধ করতে অনুরোধ করো হলো।

| ক্র. নং | উপজেলার নাম | জোরদারকরণ প্রকল্পের ঋণ কার্যক্রমের হিসাবসমূহে ব্যাংক স্থিতি (ফেব্রুয়ারি ২০২৬ মাসের ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী) | | | | | | | | | সর্বমোট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | এসটিডি | চলতি | মূলধন | প্রবৃদ্ধি | ঝুঁকি তহ: | প্রশা: তহ: | কর্মী পুর: | ৫% অগ্রিম সঞ্চয় | মাসিক সঞ্চয় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ০১ | ঝিনাইদহ সদর | ০ | ৭৬৫২৬ | ৪১৩৯৭৭ | ২৮৭৩০ | ৯৬৫২ | ৪৯৯৩ | ৪৯৯৩ | ৩৪৫ | ৫৮২ | ৫৩৯৭৯৮ |
| ০২ | শৈলকুপা | ০ | ১০০০ | ৪৯৭৬৩৩ | ৫০৪৬ | ০ | ০ | ০ | ১৯৩৪ | ০ | ৫০৫৬১৩ |
| ০৩ | হরিণাকুন্ডু | ১ | ০ | ৪৫৬৪৮২ | ৫০৮২৯ | ২৩২৬৮ | ১১৭০৩ | ১১৭০৩ | ১২১২৫ | ১৫৫ | ৫৬৬২৬৬ |
| ০৪ | কালিগঞ্জ | ২৫৬৯০৩ | ০ | ২৩৮৩২৯ | ১৩২৬৫ | ৫০০৬ | ২২৮৪ | ২২৮৪ | ১৮৫ | ৫৭ | ৫১৮৩১৩ |
| ০৫ | কোটচাঁদপুর | ৬৩৯৫৬ | ০ | ৪০৪৫৪১ | ৩৩৬৫৪ | ১৫৮৮৭ | ৮১৪১ | ৮১৪১ | ২৬৩৮ | ১০৭৬ | ৫৩৮০৩৪ |
| ০৬ | মহেশপুর | ৬৩৩ | ০ | ৩৯৯০৬৫ | ২৬৪৬২ | ৮৬৮৬ | ৪৩০৪ | ৪৩০৪ | ১৩৬৬ | ৬ | ৪৪৪৮২৬ |
| | | | | | | | | | | মোট= | ৩১১২৮৫০ |
| ০৬টি উপজেলার সর্বমোট কথায়: একত্রিশ লক্ষ বার হাজার আট শত পঞ্চাশ টাকা মাত্র | | | | | | | | | | | |

২. ঋণ তহবিল স্থানান্তরের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি যথাযথভাবে অনুসরণীয়:

ক. উপজেলার সমাপ্ত জোরদারকরণ প্রকল্পের সকল ঋণীর তথ্য ঋণের ডাটাবেজে এন্ট্রি নিশ্চিত করতে হবে;

খ. অনলাইন মাস্টার রেজিস্টারে পরিশোধিত ঋণের তথ্য ঋণ পরিশোধের শেষ তারিখে মোট আদায়যোগ্য, মোট আদায়কৃত, মোট সার্ভিস চার্জ এবং মোট সঞ্চয়ের তথ্য এন্ট্রি করতে হবে।

গ. এন্ট্রিকৃত ডাটার সাথে উপজেলা কার্যালয়ে সংরক্ষিত রেকর্ড যাচাই করে তথ্যে সঠিকতা নিশ্চিত করতে হবে;

ঘ. উল্লিখিত সমাপ্ত প্রকল্পের ঋণ তহবিলের অর্থ আগামী ৩০/০৭/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে রাজস্ব খাতের আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির মূলধন জমা তহবিল ব্যাংক হিসাবে স্থানান্তর নিশ্চিত করতে হবে;

ঙ. ঋণ তহবিল স্থানান্তরের বিবরণ কার্যালয়ের স্থায়ী ঋণ তহবিল প্রাপ্তি ও প্রেরণ রেজিস্টারে আদেশ নম্বর এবং স্থানান্তরের জন্য ব্যাংকে প্রেরীত পত্রের স্মারক নম্বর, তারিখ, টাকার পরিমাণ উল্লেখপূর্বক পত্রের কপি সংরক্ষণ করতে হবে;

চ. প্রাপ্ত ঋণ তহবিলের অর্থ মাসিক ঋণ প্রতিবেদনের মূলধন তহবিলে বসিয়ে মোট মূলঋণ তহবিল গঠন করতে হবে এবং সে মোতাবেক আত্মকর্মস্থান ঋণের মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।

১৬.০৭.২০২৫

(এ কে এম মফিজুল ইসলাম)
পরিচালক (সিড ফাইন্যান্সিং)
ফোন: ০২-২২৩৩৮০৭০৩
ইমেইল: dirpa@dyd.gov.bd

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (ঝিনাইদহ জেলার ০৬টি উপজেলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঝিনাইদহ জেলা।

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০০০.০২৮.৪৮.০১৯.২২- ৫৫৮

তারিখ: ০২ শ্রাবণ ~~আষাঢ়~~ ১৪৩২ বঙ্গাব্দ
৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঝিনাইদহ জেলা।

৩) প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১৬.০৭.২০২৫

(মোঃ ফারুক হোসেন )
সহকারী পরিচালক (সিড ফাইন্যান্সিং)